

অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট
২য় আদালতের কার্যালয়, ঢাকা মহানগর

স্মারক: ০৬

তারিখ: ১৬.০২.২০২১ খ্রিঃ
০৩ ফাল্গুন ১৪২৭ বাংলা

নিয়োগ বিজ্ঞপ্তি

চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ঢাকা মহানগর-এ শূন্য পদে সরাসরি নিয়োগের মাধ্যমে অস্থায়ী ভিত্তিতে পূরণের নিমিত্ত শর্তসাপেক্ষে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা হচ্ছে :

ক্র. নং	পদের নাম	শূন্য পদের সংখ্যা	জাতীয় বেতন স্কেল, ২০১৫ অনুযায়ী বেতন স্কেল ও গ্রেড	নিয়োগবিধি অনুযায়ী ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা
১	তুলনা সহকারী	০১টি	টাঃ ১০২০০-২৪৬৮০ গ্রেড-১৪	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
২	স্টেনোগ্রাফি-কাম-কম্পিউটার অপারেটর	০১টি	টাঃ ১০২০০-২৪৬৮০ গ্রেড-১৪	ক) কোন স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম উচ্চ মাধ্যমিক সার্টিফিকেটধারী বা সমমানের শিক্ষাগত যোগ্যতার অধিকারী এবং খ) ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ১০০ (একশত) ও ৭০ (সত্তর) শব্দ স্ট্রাইকটাইপি করার গতি সম্পন্ন এবং ইংরেজী ও বাংলায় প্রতি মিনিটে যথাক্রমে ৩৫ (পঁয়ত্রিশ) ও ৩০ (ত্রিশ) শব্দ কম্পিউটারে টাইপ করার গতি সম্পন্ন।
৩	বেঞ্চ সহকারী	০১টি	টাঃ ৯৭০০-২৩৪৯০ গ্রেড-১৫	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
৪	রেকর্ড সহকারী (অফিস সহকারী)	০১টি	টাঃ ৯৩০০-২২৪৯০ গ্রেড-১৬	কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রী। কম্পিউটার পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে।
৫	দপ্তরী	০১টি	টাঃ ৮৫০০-২০৫৭০ গ্রেড-১৯	কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৬	অফিস সহায়ক	০৩টি	টাঃ ৮২৫০-২০০১০ গ্রেড-২০	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৭	নিরাপত্তা প্রহরী	০১টি	টাঃ ৮২৫০-২০০১০ গ্রেড-২০	কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

শর্তাবলী :

- প্রার্থীকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিগত ২৯/১২/২০১৪ খ্রিঃ তারিখের ০৫.১১০.০০০০.০০.০০.০৮৯.১৪-০১ নং পরিপত্র বর্ণিত নির্ধারিত ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম জনপ্রশাসন মন্ত্রণালয়ের ওয়েবসাইট www.mopa.gov.bd অথবা www.forms.gov.bd হতে সংগ্রহ করা যাবে। নির্ধারিত ফরমের নিদর্শনা অনুযায়ী প্রয়োজনীয় তথ্য প্রদান করতে হবে। যামের উপর প্রার্থীর আবেদনকৃত পদের নাম ও নিজ জেলা স্পষ্ট করে লিখতে হবে।
- আবেদনপত্র আগামী ১৪/০৩/২০২১ খ্রিঃ তারিখ বেলা ০৫.০০টার মধ্যে অফিস চলাকালীন সময়ে ডাক/কুরিয়ার সার্ভিসযোগে চেয়ারম্যান, নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট, ২য় আদালত, ঢাকা মহানগর বরাবর পৌঁছাতে হবে অথবা সরাসরি অফিস চলাকালীন সময়ে চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালত, ঢাকা মহানগর এর নেজারত বিভাগে চাকুরীর আবেদনপত্র দাখিলের ব্যঞ্জে প্রদান করতে হবে। উক্ত তারিখ ও সময়ের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।
- আগামী ১৪/০৩/২০২১ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছর হতে হবে। তবে প্রার্থী যদি মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হন সে ক্ষেত্রে তাদের বয়স ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানের আবেদনপত্রের সাথে মুক্তিযোদ্ধা/পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে। বয়সের ক্ষেত্রে কোন হলফনামা গ্রহণযোগ্য হবে না।
- আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ-
 - শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
 - স্টেনোগ্রাফি-কাম-কম্পিউটার অপারেটর পদে প্রার্থীদের ক্ষেত্রে সরকার অনুমোদিত প্রতিষ্ঠান হতে স্ট্রাইকটাইপি ও কম্পিউটার কোর্সের সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদা তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি;
 - প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
 - স্থানীয় সিটি কর্পোরেশন বা পৌরসভার মেয়র/ওয়ার্ড কাউন্সিলর/ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
 - জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত অনুলিপি;
 - প্রার্থীর নাম, পিতা/স্বামীর নাম, পদের নাম, নিজ জেলা ও ঠিকানাসহ ১০ (দশ) টাকার ডাকটিকিট সন্মিলিত ৯.৫ ইঞ্চি x ৪.৫ ইঞ্চি মাপের একটি ফেরত খাম;
 - চাকুরীরত প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
 - পরীক্ষার ফি বারদ ১০০/- (একশত) টাকা বাংলাদেশ ব্যাংক/সোনালী ব্যাংক লিমিটেড-এ ট্রেজারী চালানের মাধ্যমে ১-২১৪১-০০০০-২০৩১ নম্বর কোডে জমা প্রদান করতেঃ চালানের কপি আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
 - ক্রটিপূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
 - উপযুক্ত প্রার্থীকে লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ, সময় ও স্থান প্রবেশপত্রের মাধ্যমে জানানো হবে এবং মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে অবশ্যই সকল কাগজপত্রের মূল কপি দাখিল করতে হবে।
 - পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টি.এ./ডি.এ প্রদান করা হবে না।
 - প্রচলিত নিয়োগ বিধি/প্রচলিত মুক্তিযোদ্ধা কোর্সসহ অন্যান্য কোর্স/নিয়োগ সংক্রান্ত সরকারের অপরাপর বিধি/আদেশ ও আনুষ্ঠানিকতা যথাযথভাবে অনুসরণ করা হবে।
 - নিয়োগ সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

* * আবেদনপত্র পৌঁছানোর শেষ তারিখ : ১৪/০৩/২০২১খ্রিঃ ।

Siddique
১৬/০৩/২০২১

চেয়ারম্যান

নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি

ও

অতিরিক্ত চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট

২য় আদালত, ঢাকা মহানগর।

জিডি-২০৩/২১ (১২'x৪)